৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি স্ট্যাপলার করতে হবে)

# চাকুরির আবেদন ফরম

বরাবর,
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,লালমনিরহাট।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | | | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম : | বাংলায় : | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | | | | |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা) : | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | |
| ৮. | পিতার নাম : | | | | | |
| ৯. | মাতার নাম : | | | | | |
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | | |
| | গ্রাম/ মহল্লা/ওয়ার্ড: | | | | | |
| | ইউনিয়ন/পৌরসভা: | | | | | |
| | ডাকঘর : | | | | | |
| | পোস্টকোড নম্বর : | | | | | |
| | উপজেলা : | | | | | |
| | জেলা : | | | | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) : | | | |
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : | | | |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা : | | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা : | | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সাল | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিকদিন) : | সাধারণ/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যারপুত্র-কন্যা | এতিম/শারীরিকপ্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রামপ্রতিরক্ষাসদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০. | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিকদিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইন অনুযায়ী শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি ন মা স ব ৎ স র

..............................................
প্রার্থীর স্বাক্ষর

Niogfile/2021-2022-47

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.org

স্মারক নং- জেপ-লাল/২০২৩/ ৪৫৯

তারিখ : ২০/০৬/১৪৩০ বঙ্গাব্দ
০৫/১০/২০২৩ খ্রিষ্টাব্দ.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ১২/০৭/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০২.১৭.১৫৫৮ নং স্মারকে লালমনিরহাট জেলা পরিষদে ১(এক)জন "নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক" শূন্য পদে সরাসরি লোক নিয়োগের প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে লালমনিরহাট জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদটি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত ফরমে লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) (জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী) | ১(এক)টি। | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার টাইপের গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম, লিখিত, ব্যবহারিক, মৌখিক পরীক্ষার সময়সূচী এবং নিয়োগ সংক্রান্ত তথ্য জেলা পরিষদের ওয়েবসাইট www.zplalmonirhat.gov.bd - এ পাওয়া যাবে।

০৩। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,লালমনিরহাট বরাবর ৩১/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৪.০০ টার মধ্যে) জেলাপরিষদ কার্যালয়, লালমনিরহাটে ডাকযোগে প্রেরণ করতে হবে।

০৪। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ)ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বয়স (৩১/১০/২০২৩ খ্রি. তারিখে) (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা ( যদি থাকে) (ঠ) প্রার্থীর কোটা (যদি থাকে) (ড) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ইত্যাদি উল্লেখসহ নির্ধারিতফরমে স্পষ্ট অক্ষরে স্বহস্তে লিখিত এবং স্বাক্ষরযুক্ত করতে হবে।

০৫। প্রার্থীর বয়স ৩১/১০/২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনিরক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা(নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৭। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে;
ক) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।
খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের অনুলিপি ।
গ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।
ঙ) প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)সংযুক্ত করতে হবে।

Niogfile/2021-2022-48

CamScanner

চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি।
ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিকসনদপত্র।
জ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।

০৮। দরখাস্তের খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম, প্রার্থীর নাম/ঠিকানা লিখতে হবে। আবেদনপত্রের সাথে ৪ ইঞ্চিX ১০ ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিটসহ ফেরতখাম যুক্ত করতে হবে।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। সরকারী,আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীতে কর্মরত প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

১১। চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।

১২। প্রার্থীকে নির্বাচনী (লিখিত,ব্যবহারিক/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১৩। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগের শিক্ষানবিশ সময়কাল ৬(ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। নিয়োগ সংক্রান্ত কোন জটিলতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। দরখাস্ত বাছাইয়ে কেবল উপযুক্ত বিবেচিত হলে প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে গণ্য হবেন।

১৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সনদপত্রের মূলকপি প্রর্দশন করতে হবে।

১৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্যে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৯। এ নিয়োগের ক্ষেত্রে চাকুরীর শর্তাবলী, বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০,"স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা- কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০" ও মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

২০। অনিবার্যকারণে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/১০/২৫

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ,লালমনিরহাট
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
ফোন-০৫৯১-৬১৩৫৯
ই-মেইলzillaparishadlmh@yahoo.com

০৫/১০/২০২৫

Niogfile/2021-2022-49

CamScanner